भारतीय गैर न्यायिक

Rs 20000 रु — बीस हजार रुपये — RUPEES — 20000 — रुपये

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

019569





Admissible under Rule 21 ... be ... also u/s ... West Bengal ... Act 1993 duly ... stamped ... noted from ... duty under the Indian Stamp Act 1899 as amended ... 1984 Schedule IA ... 23/4 ... Process Fees ... Paid in C.F.S. ...

Addl. District Sub-Registrar, Behala, South 24-Parganas

24/10/07

মং ১০,০০,০০০ দশ লক্ষ টাকা পণ মূল্যের

## নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল

**কোবালা গ্রহীতা ঃ-**

**শ্রী গোপীনাথ বনিক**, পিতা স্বর্গীয় বিমল চন্দ্র বনিক, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাকিন - ১৬/১, অভয় বিদ্যালঙ্কার রোড, থানা বেহালা, কলকাতা - ৭০০০৬০।

A Fee Rs. 19800/- Subsequently realised vide Registration Receipt No. ......... Dated .........

A. D. S. R. Behala

24/10/07

613(4) 02/2/07

Sl. No.............. Sold to Sri/Smt. Gopi Nath Banik
Address 16/1 A V Lanker Rd
Behala Kol-60
Rs.............

Stamp Vendor
Alipore Treasury, South 24-Pgs.

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR * BEHALA *

Addl. District Sub-Registrar
Behala, South 24-Parganas

20 APR 2007

4

भारतीय गैर न्यायिक

Rs 20000 रु

बीस हज़ार रुपये

RUPEES

20000

रुपये

INDIA NON JUDICIAL

Rs 20000 रु

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

019570

Deficit Stamp Duty
of R ......49000......
Has been Realised
vide Bank Draft No. 620730
Dated 24/10/07 ...or S.B.I. ......
..................Branch:

Deficit Stamp Duty
of R ......49000......
Has been Realised
vide Bank Draft No. 620736
Dated 24/10/07 ...or S.B.I. ......
..................Branch:

Deficit Stamp Duty
of R ......38010......
Has been Realised
vide Bank Draft No. 620735
Dated 24/10/07 ...or S.B.I. ......
..................Branch:

-ঃ২ঃ-

<u>কোবালা দাতা</u> ঃ-

<u>শ্রী পরিমল পোদ্দার</u>, পিতা স্বর্গীয় নীহার রঞ্জন পোদ্দার, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাকিন - ৮৯/৭, রামকৃষ্ণ সরনী, থানা বেহালা, কলকাতা - ৭০০০৬০।

কস্য হাল ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের স্থানীয় মাপে কমবেশ ৪ কাঠা ডাঙ্গা এবং বাগান জমি মায় উক্ত জমি সংলগ্ন কমন প্যাসেজের সর্ব্বপ্রকার ব্যবহারিক রাইট অফ ইজমেন্ট স্বত্ব সহ সম্পত্তির নিঃস্বত্ব সাফ বিক্রয়

613(4)    02/2/07

Sl. No.............. dt...............
Sold to Sri/Smt.... Gopi Nath
Address...............
Rs.......2000/-

Stamp ....
Alipore Treasury, South 24-Pgs.

16/1 A V Sarkar Rd
Behala K-60

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR
BEHALA

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas

20 APR 2007

भारतीय गैर न्यायिक

Rs 20000 रु

बीस हज़ार रुपये

RUPEES

20000

रुपये

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

019571

- ঃ ৩ঃ -

কোবালা দলিলপত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা বেহালা, ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রী অফিস আলিপুর, এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট সাবরেজিস্ট্রী অফিস বেহালা, পরগণা বালিয়া, অত্র জেলা কালেকটারীর মহাল ৩৪৬ নং তৌজি ভুক্ত, জেঃ এলঃ নং ২, রেঃ সাঃ নং ৮৩, বর্তমানে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২০ নং ওয়ার্ডের অধীন ৫,৭,৯ নং সৌরীন রায় রোড প্রেমিসেস ভুক্ত, মৌজা বেহালা গ্রামে ২২২২ ও ২০২৪ নং খতিয়ান ভুক্ত ১০২২৬, ১০২২৭, ১০২২৮, ১০২২৯ ও ১০২০৭

613(4) 02/2/07


Sl. No. ... 
Sold to Sri/Smt. Gopi Nath Banik
Address 16/1 A V ... Rd, Behala K-60
Rs. 20 ...
Stamp Vendor
Alipore Treasury, South 24-Pgs.



OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR
BEHALA
Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas
20 APR 2007

भारतीय गैर न्यायिक

दस रुपये रु.10

TEN RUPEES Rs.10

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 12AA 180305



নং দাগের ১৫ কাঠা ১০ ছটাক ১৪ বর্গফুট জমি জমা সহ আরও অন্যান্য জমি জমা জনৈক হরিদাস রায়, তুলসীদাস রায়, অরুন কুমার রায়, কালিদাস রায়, গোলাপ বাসিনী দেবী ও গুরদাস রায় দিগরের প্রত্যেকের অবিভক্ত ১/৬ রকমাংশে মালিকানাধীন বহুকালের স্বত্ব দখলীয় ও ভোগ দখলীয় সম্পত্তি থাকে।

অতঃপর উক্ত হরিদাস রায় তাহার নিজাংশের অবিভক্ত ১/৬ রকমাংশের সম্পত্তিতে ভোগবান ও দখলীকার থাকাবস্থায় উক্ত মৌজা বেহালা গ্রামে আর.

613 (4) 02/2/07

Gopi Nath Banik
16/1 A V Laskar Rd
Behala Kol-60

Alipore Treasury South 24-Pgns

OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR
BEHALA

Addl. District Sub-Registrar

20 APR 2007

এস. ৬৯৭১ ও ৬৮৫৯ নং খতিয়ানের অধীন ১০২২৬, ১০২২৭, ১০২২৮, ১০২২৯ ও ১০২০৭ নং দাগে তাহার নিজাংশে অবিভক্ত ১/৬ রকমাংশের সম্পত্তি বিগত ইংরাজী ২০.০৮.১৯৭৫ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত কোবালা দলিল মূলে সাকিন - 'রায় ম্যানসন', ৩ নং সৌরীন রায় রোড, থানা বেহালা, কলকাতা - ৩৪ নিবাসী স্বর্গীয় বীরেন রায় মহাশয়ের পত্নী শ্রীমতী মেঘমালা রায় - মহাশয়াকে তৎকালী বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে বিক্রয় করিয়া দিয়া বিক্রীত উক্ত সম্পত্তি হইতে উক্ত হরিদাস রায় মহাশয় চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

এমতপ্রকারে উক্ত শ্রীমতী মেঘমালা রায় উক্ত মৌজা বেহালা গ্রামে আর. এস. ৬৯৭১ ও ৬৮৫৯ নং খতিয়ানের অধীন ১০২২৬, ১০২২৭, ১০২২৮, ১০২২৯ ও ১০২০৭ নং দাগের সম্পত্তিতে অবিভক্ত ১/৬ রকম অংশের মালিক হয়েন এবং তাহার অপর শরিকগন অবিভক্ত ৫/৬ অংশের মালিক হন।

অতঃপর উক্ত শ্রীমতী মেঘমালা রায় তাহার নিজাংশের ১/৬ রকম অংশের সম্পত্তি আলাহিদা ভাবে একক ষোল আনা রূপে প্রাপ্ত হইবার জন্য আলিপুরের এ্যাসিস্টেন্ট ডিষ্ট্রিক্ট জজের ৭ম আদালতে ১২/১৯৬৯ নং এককেতা টাইটেল স্যুট বা মোকর্দ্দমা আনায়ন করেন। যাহা পরবর্ত্তীকালে ৬/১৯৮০ নং টাইটেল স্যুট রূপে পরিচিত হয়।

অতঃপর উপরোক্ত শ্রী বীরেন রায় ও শ্রীমতী মেঘমালা রায় তাহাদের

OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR * PEHALA *

Behala, South 24-Parganas

20 APR 2007

অপর শরিক গন অর্থাৎ হরিদাস রায়, তুলসী দাস রায়, লতিকা দেবী, রত্না রায়, উমা রানী ব্যানার্জী, অশোক কুমার রায়, মীরা রায়, শ্রীমতী প্রীতি রায়, শ্রীমতী দিপ্তী রায়, শ্রীমতী অন্নপূর্না রায়, শ্রী গুরুদাস রায়, আভা রায়, হরপ্রসাদ রায়, সুপ্রিয় রায়, শ্রীমতী গীতা মুখার্জী, শ্রীমতী গায়েত্রী মুখার্জী, শ্রীমতী গঙ্গা রায়, শ্রীমতী শ্যামা সুন্দরী দেবী, শ্রী শচীন্দ্রনাথ রায়, শ্রী রমেন রায়, শ্রী সমরেন্দ্র নাথ রায়, শ্রী চন্দন কুমার হালদার, শ্রী মলয় কুমার হালদার, শ্রীমতী সোনা সান্যাল, দেবমাল্য সান্যাল - মহাশয় ও মহাশয়া দিগের বিরুদ্ধে ১২/১৯৬৫ নং টাইটেল স্যুট আনয়ন করেন। তৎপরে বীরেন রায়ের বৈধ ওয়ারিশগন ও মেঘমালা রায় উক্ত মোকর্দ্দমা চালাইতে থাকেন, যাহা ৬/১৯৮০ নং মোকর্দ্দমা রূপে পরিচিত। তৎপরে উক্ত মোকর্দ্দমার আগ্রহী পক্ষগন অর্থাৎ শ্রীমতী মেঘমালা রায়, শ্রীমতী সোনা সান্যাল, শ্রী দেবমাল্য সান্যাল, অশোক কুমার রায়, প্রীতি রায়, মীরা রায়, দিপ্তী রায়, গীতা মুখার্জী, গায়েত্রী মুখার্জী, গঙ্গা দেবী, শ্রীমতী আভা রায় ও শ্রী হরপ্রসাদ রায় একমত হইয়া এককেতা পার্টিশান নক্‌সা প্রস্তুত পূর্ব্বক যে যাহার সম্পত্তি পৃথক চিহ্নিত মতে আলাহিদা করিয়া লয়েন। উক্ত পার্টিশান নক্‌সা মোতাবেক উক্ত মেঘমালা রায় ১ নং গ্রুপের ১ নং অভিযোগকারিনী হিসাবে উক্ত মৌজা বেহালা গ্রামে আর.এস. ৬৯৭১ ও ৬৮৫৯ নং খতিয়ান ভুক্ত ১০২২৬, ১০২২৭, ১০২২৮, ১০২২৯ ও ১০২০৭ নং দাগের লট 'এ' ভুক্ত উক্ত নক্‌সায় লাল রংয়ের রেখার দ্বারা সীমাকৃত ১৫ কাঠা ১০ ছটাক ১৪ বর্গফুট জমি জমা একক ষোল আনা রকমে প্রাপ্ত হইয়া উহাতে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR * BEHALA *

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas
20 APR 2007

মালিক ও দখলকারিনী নিয়ত হয়েন। উক্ত মিউচুয়াল পার্টিশান অনুসারে বিগত ইংরাজী ০১.০৪.১৯৯৫ তারিখে উক্ত মোকর্দ্দমার নিষ্পত্তি হয়।

অতঃপর উপরোক্ত পার্টিশান মোকর্দ্দমা দলিল মূলে উক্ত মেঘমালা রায় উক্ত মৌজা বেহালা গ্রামে আর. এস. ৬৯৭১ ও ৬৮৫৯ নং খতিয়ান ভুক্ত ১০২২৬, ১০২২৭, ১০২২৮, ১০২২৯ ও ১০২০৭ নং দাগের ১৫ কাঠা ১০ ছটাক ১৪ বর্গফুট জমি জমা প্রাপ্ত হইয়া ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্সাদি প্রদান পূর্ব্বক উহাতে একক ষোল আনা মালিক স্বরূপে ভোগবতী ও দখলকারিনী থাকাবস্থায় তাহার নগদ অর্থের একান্ত আবশ্যকে তাহার প্রাপ্ত উক্ত জমি জমা বিগত ইংরাজী ০২.০২.২০০১ তারিখে ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রার আলিপুর অফিসে রেজিষ্ট্রীকৃত তিনকেতা দলিল মূলে আমি অত্র কোবালা দাতা আমাকে বিক্রয় করিয়া দিয়া বিক্রীত উক্ত সম্পত্তি হইতে উক্ত শ্রীমতী মেঘমালা রায় মহাশয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। উক্ত জমি জমার মধ্যে স্থানীয় মাপে কমবেশ ৫ কাঠা ৪ ছটাক ১১ বর্গফুট ডাঙ্গা ও বাগান জমি জমা বিগত ইংরাজী ০২.০২.২০০১ তারিখে ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রীর আলিপুর অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৫৪ নং ভল্যুমের ৫৯৪ হইতে ৬০০ নং পাতায় লিখিত ইংরাজী ২০০৩ সালের ৩১৭২ নং কোবালা দলিল মূলে বিক্রয় করেন এবং স্থানীয় মাপে কমবেশ ৪ চার কাঠা ডাঙ্গী ও বাগান জমি জমা বিগত ইংরাজী ০২.০২.২০০১ তারিখে ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রীর আলিপুর অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৫৪ নং ভল্যুমের ৫৮০

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR * BEHALA *

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas

20 APR 2007

হইতে ৫৯৩ নং পাতায় লিখিত ইংরাজী ২০০৩ সালের ৩১৭১ নং কোবালা দলিল মূলে বিক্রয় করেন এবং স্থানীয় মাপে কমবেশ ৬ কাঠা ৬ ছটাক ০৩ বর্গফুট ডাঙ্গাঁ ও বাগান জমি জমা বিগত ইংরাজী ০২.০২.২০০১ তারিখে ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রীর আলিপুর অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৫৪ নং ভল্যুমের ৬০৮ হইতে ৬২১ নং পাতায় লিখিত ইংরাজী ২০০৩ সালের ৩১৭৩ নং কোবালা দলিল মূলে বিক্রয় করেন।

এমত প্রকারে আমি অত্র কোবালা দাতা উপরোক্ত ৩ তিন কেতা রেজিষ্ট্রীকৃত কোবালা দলিল মূলে উক্ত মৌজা বেহালা গ্রামে আর. এস. ৬৯৭১ ও ৬৮৫৯ নং খতিয়ান ভুক্ত ১০২২৬, ১০২২৭, ১০২২৮, ১০২২৯ ও ১০২০৭ নং দাগের ১৫ কাঠা ১০ ছটাক ১৪ বর্গফুট জমি জমা খরিদ করিয়া সরকার নির্ধারিত ধার্য্যকৃত ট্যাক্স ও খাজনাদি যথারীতি আদায় দিয়া উহাতে একক ষোল আনা মালিক হিসাবে অদ্যাবধি অন্যের নিরাংশে, নির্ব্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে খাসে ভোগবান ও দখলীকার নিয়ত আছি ও হইতেছি।

এক্ষণে অত্র কোবালা দাতা আমার নানাবিধ বৈধ ও ন্যায় সঙ্গঁত কারনে এককালীন নগদ অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় আমার খরিদা ও ভোগ দখলীকৃত জমি জমার মধ্যে উক্ত মৌজা বেহালা গ্রামে আর. এস. ৬৯৭১ ও ৬৮৫৯ নং খতিয়ান ভুক্ত ১০২২৭ ও১০২২৮ নং দাগের **৪ চার কাঠা ডাঙ্গাঁ ও বাগান** জমি জমা মায় আকর আওলাতাদি মায় তৎসংলগ্ন কমন পথের যাবতীয় রাইট অফ

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR * BEHALA *

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas

20 APR 2007

ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি, যাহা অত্র দলিল সহিত গ্রথিত নক্‌সায় **'লাল'** বর্ণের সীমারেখা দ্বারা বেষ্ঠিত ও চিহ্নিত রহিয়াছে, তাহা বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা তাহা অবগত হইয়া **মং ১০,০০,০০০ দশ লক্ষ টাকা** পণ মূল্য প্রদানে খরিদ করিতে চাহিয়া প্রস্তাব দিলে আমি অত্র কোবালা দাতা আপনার দিয়তঃ ও প্রস্তাবিত মূল্য বাজার উচিৎ সর্ব্বোচ্চ পণ মূল্য জানিয়া আপনার প্রস্তাবে স্বীকৃত ও সম্মত হইয়া আপনার নিকট হইতে পন মূল্যের সমুদয় অর্থাৎ **মং ১০,০০,০০০ দশ লক্ষ টাকা** নিম্নের তপশীল টাকার জায়মত গ্রহন করিয়া এবং তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা আপনার নাম বরাবর লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রচার ও প্রকাশ করিতেছি যে -

অত্র নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, লভ্য, অধিকারাদী, হক হকিয়ৎ ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে অত্র বিক্রয় কোবালা দলিল বলে আমার নিকট হইতে সম্পূর্ন লোপ বা ধ্বংস প্রাপ্ত হইয়া আপনাতে বর্তিল বা অর্শিল। আপনি অদ্য হইতে অত্র বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে মালিক ও দখলীকার নিযুক্ত হইয়া বর্তমান মালিক সরকারের অধীন জেলা দক্ষিন ২৪ পরগনা কালেকটার বাহাদুর সেরেস্তায় ও কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অফিসে আপনার নিজ নাম পত্তন করতঃ ধার্য্যকৃত ট্যাক্‌স ও খাজনাদি যথারীতি আদায় দিয়া যদৃচ্ছা সহকারে দান, বিক্রয়, বন্ধকাদীর সকল প্রকার হস্তান্তর ও রূপান্তর করণের অবাধ ক্ষমতা

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR * BEHALA *

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas
20 [illegible]

যুক্তে পুত্র, পৌত্রাদি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে কস্মিন কালেও আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কোন প্রকার দাবী দাওয়া বা ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না। করিলেও তাহা অত্র কোবালা বলে সর্বত্র সর্বাদালতে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য ও বিবেচিত হইবে।

প্রকাশ থাকে যে, অত্র নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি আর অন্য কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা কোন প্রকার হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই। নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি অপর কাহাকেও বিক্রয় বা হস্তান্তর করিবার জন্য কাহারো সহিত কোনপ্রকার চুক্তি করি নাই বা বায়না করি নাই বা তন্মূলে কাহারো নিকট হইতে কোনরূপ বায়না গ্রহন করি নাই। উহা কোন প্রকার মামলা মোকর্দ্দমার বিষয়ভুক্ত সম্পত্তি নহে বা উহা কোন সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা হইবার জন্য অদ্যাবধি কোন অফিস হইতে কোন নোটিশাদি পাই নাই। উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি আমি কোন প্রকার দেব সেবায় বা ট্রাস্টে অর্পণ করি নাই কিম্বা উহার উপর কোন প্রকার লিয়েন বা চার্জ নাই। ইহা কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ বা নিলাম বিক্রয় হয় নাই বা ইহা কাহারো জামিনের দায়ে বা খোরপোষের দায়ে আবদ্ধ কি আটক নাই। নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায়

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR
* BEHALA *

Addl. District Sub-Registrar
Behala, South 24-Parganas

আমার ষোল আনা খাস দখলে থাকাকালীন আপনাকে বিক্রয় করিলাম এবং অদ্যই আপনাকে উহাতে যথারীতি খাস ও খোলসা দখল প্রদান করিয়া বিক্রীত সম্পত্তি হইতে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

আরও প্রকাশ থাকে যে আমার উপরি উক্ত উক্তি সমূহের মধ্যে যদি কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকী বা বিপরীত বলিয়া প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্বের ও খাস দখলের কোন রূপ বিঘ্নের সৃষ্টি হয়, তাহা হইলে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে মাফিক আইনামলে আসিয়া আপনার প্রদত্ত পনের সমুদয় অর্থ মায় ক্ষতি খেসারতাদি সহ আপনাকে এককালীন প্রদান করিতে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য থাকিলাম ও রহিলাম।

আরও প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায়, তাহা হইলে আপনার তলবে ও আপনার খরচায় উপযুক্ত সংশোধনী দলিলাদী বিনা পনে বিনা ওজরে পুনরায় আপনার অনুকুলে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে আমি অত্র কোবালা দাতা মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে বাধ্য থাকিলাম ও রহিলাম।

অত্র কোবালা দলিল মূলে আপনি বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগণা কালেকটার বাহাদুরের সেরেস্তায় ও কলকাতা

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas

20 APR 2007

মিউনিসিপ্যাল কর্পোরেশনের অফিসে আপনার নিজ নাম পত্তন করতঃ যথারীতি খাজনা ও ট্যাক্সাদি আদায় দিতে থাকিবেন। নাম পত্তন কালীন যদি আমার কোনরূপ সাহায্যের প্রয়োজন হয়, তাহা হইলে আপনার খরচায় তাহাও আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, স্বজ্ঞানে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় স্বেচ্ছায় অত্র কোবালা পড়িয়া উহার লিখিত মর্মাদি সকল সম্যক অবগত হইয়া এবং তাহাতে বাধ্য থাকিয়া পন মূল্যের সম্পূর্ণ অর্থ নিম্নের টাকার জায়মত অদ্য তারিখে আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে আপনার নাম বরাবর অত্র কোবালায় যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম।

ইতি তারিখ ইংরাজী ২০০৭ সালের ১৯ সে- নভেম্বর

মোতাবেক বাংলা ১৪১৪ সালের ৩রা অগ্রহায়ণ

- ঃ <u>তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়</u> ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা বেহালা, ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস আলিপুর, এ্যাডিশন্যাল ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রী অফিস বেহালা, পরগণা বালিয়া, অত্র জেলা কালেকটারীর মহাল ৩৪৬ নং তৌজি ভুক্ত, জেঃ এলঃ নং ২, রেঃ সাঃ নং ৮৩, বর্তমানে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২০ নং ওয়ার্ডের অধীন ৫,৭,৯ নং সৌরিন রায় রোড প্রেমিসেস ভুক্ত, মৌজা বেহালা গ্রামে আমার

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR

BEHALA

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas

20 APR 2007

খরিদা জমি জমার মধ্যে রিভিসন্যাল সেটেলমেন্ট জরীপের ৬৯৭১ ও ৬৮৫৯ নং খতিয়ান ভুক্ত ১০২২৭ (দশ হাজার দুইশত সাতাশ) ও ১০২২৮ (দশ হাজার দুইশত আটাশ) নং দাগের **৪ চার কাঠা ডাঙ্গাঁ ও বাগান** জমি জমা মায় আকর আওলাতাদি মায় তৎসংলগ্ন **দক্ষিন দিকস্থ ১২´ ফুট ও ৬´ ফুট প্রশস্থ** কমন প্যাসেজের উপর দিয়া সম্ভাব্য রকম যানবাহনাদি লইয়া চলাচল সহ উহার উপর ও তলদেশ দিয়া ইলেকট্রিক লাইন, জলের কলের পাইপ লাইন, টেলিফোন লাইন প্রভৃতি আনায়নের ও সর্ব্ব প্রকার ব্যবহারিক রাইট অফ ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে।

বিক্রীত জমির বার্ষিক হারাহারি খাজনা ২.৫০ **পয়সা** যাহা বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিণ চব্বিশ পরগণা কালেকটার অধীন সন সন আদায় দিতে হয়।

অত্র বিক্রীত সম্পত্তি অত্র দলিল সাথ গ্রথিত নক্সায় **লাল** রংয়ের সীমারেখা দ্বারা বেষ্ঠিত ও চিহ্নিত করিয়া প্রদর্শিত হইল। অত্র নক্সা খানি অত্র দলিলের অংশ বলিয়া সর্বত্র গণ্য ও বলবৎ হইবেক।

### - ঃ তপশীল বিক্রীত সম্পত্তির চৌহদ্দি ঃ-

**উত্তর** ঃ- হর প্রসাদ রায় দিগের জমি।

**দক্ষিণ** ঃ- ১২´ - ০´´ এবং ৬´ - ০´´ প্রশস্থ কমন প্যাসেজ।

**পূর্ব** ঃ- ১০২২৮ নং দাগের জমি।

**পশ্চিম** ঃ- গোপীনাথ বনিক ও শুভী বনিকের জমি।

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR
BEHALA

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas

20 APR 2007

## - ঃ তপশীল টাকার জায় ঃ-

| নগদ/চেক নং | তারিখ | ব্যাঙ্ক ও শাখা | মুল্য (টাকা) |
|---|---|---|---|
| নগদ | — | | ১,৫০,০০০ |
| 746738 | — | Allahabad Bank D.H. Road | ১,৫০,০০০ |
| 746731 | | | |
| 746734 | | | |
| 746732 | | ১,০০,০০০ = | ৭,০০,০০০ |
| 746733 | | | |
| 746735 | | | |
| 746736 | | | |
| 746737 | | | |
| | | মোট | ১০,০০,০০০.০০ টাকা |

মবলগে দশ লক্ষ টাকা বুঝিয়া পাইলাম।

ইসাদী ঃ-

১) [signature]
৪৪ [illegible] রোড
বেহালা, কলি-৩৪

২) [signature]
113/2 [illegible] রোড
কোলকাতা-34

৬) [illegible]
[illegible]
কলি-৬৩

কোবালা দাতার স্বাক্ষর

মুসাবিদাকারক ঃ-

[signature]

এ্যাডভোকেট
আলিপুর পুলিশ কোর্ট
কলকাতা - ৭০০০২৭।


কম্পিউটার প্রিন্ট এ্যান্ড ঃ-
২২নং [illegible] লেন,
কোলকাতা - ৭০০০৩৪।
অক্ষর বিন্যাস ঃ-
[signature]
(এস. এস. সরকার)

# SITE PLAN

OF SRI GOPI NATH BANIK UNDER DIST. 24 PGS. (S) PARGANA BALIA, MOUZA & P.S. BEHALA, J.L. NO. 2, TOUJI NO. 346, R.S. NO. 83, R.S. KHATIAN NO. 6859, 6971, R.S. DAG NO. 10227, 10228, WITHIN THE LIMITS OF THE K.M.C (S.S. UNIT) VIDE PREMISES NO. 5, 7, 9, SOUREN ROY ROAD UNDER WARD NO. 120

SCALE - 1" = 20'0"

AREA OF LAND = 4 COTTAHS 0 CHHATAK 0 SQFT. (APPX)
(SHOWN IN RED BORDER)




TRACED BY:-

Sumit Poddar

..........IN

Book No. I

Volume No. 119

Pages from 319 to

Being No. 4966

For the year 2007

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR * BEHALA *

Addl. District Sub-Registrar, Behala, South 24-Parganas

20 APR 2007

Addl. District Sub-Registrar, Behala, South 24-Parganas

1/4/09

| ক্রমিক নং | স্বাক্ষর | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | Primal K. Ode | | | | | |
| | | কনিষ্ঠা | অনামিকা | মধ্যমা (বাম হস্ত) | তর্জনী | বৃদ্ধাঙ্গুষ্ঠ |
| | | | | | | |
| | | বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা (ডান হস্ত) | অনামিকা | কনিষ্ঠা |
| | Gopinath Banik. | | | | | |
| | | কনিষ্ঠা | অনামিকা | মধ্যমা (বাম হস্ত) | তর্জনী | বৃদ্ধাঙ্গুষ্ঠ |
| | | | | | | |
| | | বৃদ্ধাঙ্গুষ্ঠ | তর্জনী | মধ্যমা (ডান হস্ত) | অনামিকা | কনিষ্ঠা |

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR
BEHALA

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas
20 APR 2007